আপনার সন্তানের সাধারণ অ্যানেস্থেটিক (অবেদনিক)

আপনার সন্তান সাধারণ অ্যানেস্থেটিক দিয়ে অস্ত্রোপচারের (সার্জারি) জন্য হাসপাতালে ভর্তি হলে কি ঘটতে পারে তা এই লিফলেট ব্যাখ্যা করা হয়েছে। অ্যানেস্থেটিস্টগণ রোগীদের প্রতিনিধি এবং বাবা-মায়েদের সাথে একসাথে মিলে এটি রচনা করেছেন।

অ্যানেস্থেশিয়া এবং অ্যানেস্থেটিস্টগণ

একটি সাধারণ অ্যানেস্থেটিক নিশ্চিত করে যে অস্ত্রোপচার চলাকালীন আপনার শিশু জ্ঞানহীন এবং বেদনামুক্ত থাকবে।

অ্যানেস্থেটিস্টগন হলেন বিশেষজ্ঞ চিকিৎসক যারা অ্যানেস্থেটিক প্রয়োগ করেন এবং অস্ত্রোপচার চলাকালীন এবং সুস্থ হয়ে ওঠার সময় আপনার সন্তানের স্বাস্থ্যের যত্ন নিয়ে থাকেন। এছাড়াও তাঁরা আপনার সন্তানের অস্ত্রোপচার পরবর্তী বেদনা উপশমের সাথেও ওতপ্রোতভাবে জড়িত থাকেন।

অ্যানেস্থেটিক হল অ্যানেস্থেশিয়া শুরু করতে এবং বজায় রাখতে ব্যবহৃত ওষুধগুলি।

- কিছু অ্যানেস্থেটিক ক্যানুলা নামের একটা প্লাস্টিক টিউবের মাধ্যমে শিরায় একটা ইনজেকশন দেওয়ার মাধ্যমে শুরু করা হয়, যা নিঃশ্বাসের সাথে একটা গ্যাস নেয়ার মাধ্যমেও চালিয়ে যাওয়া হতে পারে।
- অন্যান্য অ্যানেস্থেটিকগুলি একটা গ্যাস গ্রহনের মাধ্যমে শুরু করা হয় এবং ঘুমন্ত অবস্থায় আপনার সন্তানের শরীরে একটি ক্যানুলা প্রবেশ করান হয়।

অ্যানেস্থেটিস্ট বা প্রাক-মূল্যায়নকারী নার্স সাধারণত আপনার কাছে আপনার সন্তানের অ্যানেস্থেটিক বা ইনজেকশন নিয়ে পূর্বের অভিজ্ঞতার বিষয়ে জানতে চাইবেন। এছাড়াও তাঁরা সাধারণত অ্যানেস্থেটিক প্রয়োগের সাম্ভাব্য পদ্ধতিগুলি, এবং আপনার বা আপনার সন্তানের কোনও পছন্দ আছে কিনা সেই বিষয়ে আলোচনা করে থাকেন। বেশীরভাগ সময় কিছু কাজ একটা নির্দিষ্ট পদ্ধতিতে করার চিকিৎসাজনিত কিছু কারণ থাকে। তাঁরা আপনাকে জানাবেন যে তাঁরা অ্যানেস্থেটিক কীভাবে শুরু করতে চান, এবং (কারণগুলি) কেন। আপনার এবং আপনার সন্তানের ইচ্ছাগুলি খুবই গুরুত্বপূর্ণ।

অ্যানেস্থেটিস্টের সাথে আলোচনার পরে, আপনার সাথে আলোচনা করা পরিকল্পনাগুলোর মধ্য থেকে একটি সাধারণত অনুসরণ করা হবে। জরুরী অবস্থায় আপনার সন্তানের প্রতিক্রিয়া এবং সাড়ার ওপর নির্ভর করে কিছু ক্ষেত্রে প্রত্যাশিত বিন্যাসের পরিবর্তন ঘটতে পারে।

আপনি অস্ত্রোপচারের দিন বা তার আগে যেকোনো সমস্যার বিষয়ে জানাতে পারবেন।

এছাড়াও আপনার অ্যানেস্থেশিয়া এসোসিয়েটদের সাথে দেখা হতে পারে যারা উচ্চ প্রশিক্ষণপ্রাপ্ত স্বাস্থ্যকর্মী। আমাদের ওয়েবসাইটে গিয়ে তাঁদের ভূমিকা এবং অ্যানেস্থেশিয়া দল সম্পর্কে আরও জানতে পারবেন: www.rcoa.ac.uk/patientinfo/anaesthesia-team

আপনার সন্তানকে প্রস্তুত করা

আপনার সন্তানকে হাসপাতালে ভর্তির জন্য প্রস্তুত করার বিভিন্ন উপায় আছে যেগুলোর সাহায্য আপনি নিতে পারেন।

আপনার সন্তান খুবই ছোট না হলে আপনাকে অবশ্যই চেষ্টা এবং ব্যাখ্যা করতে হবে:

- যে তাকে হাসপাতালে ভর্তি হতে হবে
- যে তার একটা অস্ত্রোপচার বা পরীক্ষা করা হবে
- তারা হাসপাতালে থাকা অবস্থায় তাদের কি হতে পারে সে সম্পর্কে কিছু সাধারণ তথ্য।

ভিন্ন শিশুদের ক্ষেত্রে এই তথ্য দেওয়ার সঠিক সময় ভিন্ন হয়ে থাকে। প্রি-স্কুলের শিশুদের হয়তো ঠিক আগের দিন জানা উচিৎ। একটু বড় শিশুদের হয়তো আরও আগে জানাতে হতে পারে।

কলেজ ওয়েবসাইটের *শিশু, মা-বাবা এবং পরিচর্যাকারীদের জন্য তথ্য* পাতায় বিভিন্ন বয়সের শিশুদের জন্য ডাউনলোড করার জন্য লিফলেট আছে: www.rcoa.ac.uk/childrensinfo

- *রিস বিয়ারের একজন অ্যানেস্থেটিক আছে* (৩-৬ বছর বয়সী শিশু একজন প্রাপ্তবয়স্ক পাঠকের সাথে)।
- *গোয়েন্দা ডেভি: অ্যানেস্থেটিকের বিষয়ে অনুসন্ধান* (বয়স ৭-১১ বছর)
- *সাধারণ অ্যানেস্থেশিয়া: ছোটদের জন্য একটা সংক্ষিপ্ত নির্দেশিকা* (বয়স ১২ এর উর্দ্ধে)

আমার একদিনের অস্ত্রোপচার: একটা সহজ পাঠ এবং অন্যান্য আক্সেসযোগ্য রিসোর্সগুলোও এখানে পাওয়া যাবে: www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

এছাড়াও এখানে *একটা ছোট্ট গভীর ঘুম – অ্যানেস্থেটিকগুলোর বিষয়ে একটা পারিবারিক নির্দেশনা* নামের একটা অ্যানিমেশন আছে যা ১২ বছর বয়স পর্যন্ত শিশুদের জন্য সহায়ক: (www.vimeo.com/138062201)।

কিছু হাসপাতাল অস্ত্রোপচারের আগের দিন আপনাকে এবং আপনার সন্তানকে শিশু শল্যচিকিৎসা (সার্জারি) ওয়ার্ড ঘুরে দেখার সুযোগ দিয়ে থাকে। আপনার সন্তানকে প্রস্তুত করা এবং উদ্বেগ কমাতে সাহায্য করার এটা একটা ভালো উপায়। অনেক হাসপাতালে প্লে-থেরাপি টিম আছে যারা মজাদার ভাবে ব্যখ্যা করতে এবং শিশুদের আলোচনায় উৎসাহী করে তুলতে সক্ষম।

আপনার সন্তানকে কি বলবেন তার কিছু ধারনা

- তাদের পরিস্থিতি অনুযায়ী ব্যাখ্যা করুন যে এই অস্ত্রোপচার বা পরীক্ষা আপনার সন্তানকে সুস্থ হতে বা আংশিকভাবে ভালো হতে সাহায্য করবে।
- অস্ত্রোপচার সম্পর্কে কথা বলতে এবং প্রশ্ন করতে আপনার সন্তানকে উৎসাহিত করুন। বই, গেমস এবং গল্প সাহায্য করতে পারে। কলেজ ওয়েবসাইটে কালারিং শিটের মতো সরঞ্জামগুলো পাওয়া যাবে: www.rcoa.ac.uk/patient-information/translations/bengali
- সময়ের বিষয়ে আপনার সন্তানকে জানান। কখন তাদের অস্ত্রোপচার বা পরীক্ষা করা হবে? তাদের কতক্ষণ হাসপাতালে থাকতে হতে পারে (যদি আপনি জানেন)?

আপনার সন্তানকে রাতে হাসপাতালে থাকতে হলে আপনি তার সাথে থাকতে পারবেন কিনা জানান। এটা সম্ভব কিনা এই বিষয়ে যদি আপনি অনিশ্চিত হলে নিশ্চিত হওয়ার জন্য হাসপাতালে ফোন করতে পারেন।

আপনাকে হাসপাতালে কি নিয়ে যেতে হবে সেই বিষয়ে নার্স আপনাকে জানাবেন, কিন্তু দয়া করে আপনার সন্তান যে ওষুধগুলো নিয়মিত খেয়ে থাকে—আসল প্যাকেটে করে সেগুলো, পাজামা, একটা টুথ ব্রাশ, চিরুনি, বদল করার জন্য অন্তর্বাস বা ন্যাপি, এবং একটা পছন্দের টেডি বা খেলনা নিয়ে আসবেন। শিশুরা সাধারণত কি কি নেয়া হবে সেগুলো ঠিক করতে পছন্দ করে, কিন্তু অনেক খেলনা না নেয়াই সবথেকে ভালো।

মোবাইল ফোন এবং ট্যাবলেট খুবই কাজের হতে পারে কিন্তু মনে করে আপনার চার্জার এবং হেডফোন নিয়ে আসবেন।

যখন আপনার সন্তান বাড়ি ফিরবে তার জন্য প্যারাসিট্যামল বা আইবুপ্রোফেনের মত ব্যাথানাশক ওষুধ মজুদ রাখা প্রয়োজন। সেগুলো কীভাবে খেতে হবে আপনাকে হাসপাতাল থেকে জানিয়ে দেয়া হবে।

অস্ত্রোপচারের ঠিক আগে অসুস্থ বোধ হচ্ছে?

আপনার সন্তানের অস্ত্রোপচারের কিছুদিন আগে ডাইরিয়া বা বমি হয়ে থাকলে বা অস্ত্রোপচারের দুই সপ্তাহের মধ্যে উল্লেখযোগ্য সর্দি বা কাশি হলে আপনার অবশ্যই হাসপাতালে ফোন করা উচিৎ। আপনার সন্তান ভালো না হওয়া পর্যন্ত অস্ত্রোপচার পিছিয়ে দেওয়ার প্রয়োজন হতে পারে।

সর্দি-কাশি শিশুদের—বিশেষ করে খুব ছোট শিশুদের, অ্যানেস্থেটিক দেয়া অবস্থায় শ্বাস নেওয়া জটিল করে তুলতে পারে। এটা শিশুদের বুকে সংক্রমণ হওয়ার ঝুঁকি বাড়িয়ে তুলতে পারে। তাই আপনার সন্তান অসুস্থ হয়ে থাকলে হাসপাতালের কর্মীদের জানানো জরুরী।

এছাড়াও সাম্প্রতিক সময়ে আপনার সন্তান চিকেন পক্স, হাম বা অন্য কোনও সংক্রমণের সংস্পর্শে এসে থাকলে দয়া করে হাসপাতালের কর্মীদের জানান।

টিকা একটি গুরুত্বপূর্ণ চিকিৎসা পদ্ধতি এবং আমরা সকল পিতা-মাতাকে এনএইচএস ওয়েবসাইটের টিকা নির্দেশিকা অনুসরণ করতে উৎসাহিত করি: www.nhs.uk/conditions/vaccinations

অস্ত্রোপচারের ঠিক আগে শরীরের তাপমাত্রা বেশি বেড়ে না গেলে অ্যানেসথেটিক নেয়া অবস্থায় আধুনিক টিকা প্রয়োগে শিশুদের সাধারণত কোন সমস্যা হয়না, তবে এ অবস্থায় অস্ত্রোপচার বিলম্ব করা ভাল। এ ধরণের ঘটনা তেমন একটা ঘটেনা, তাই আমরা অভিভাবকদের পরিকল্পনা অনুযায়ী টিকা চালিয়ে যেতে পরামর্শ দেই এবং পূর্বপরিকল্পিত অস্ত্রোপচারের কারণে টিকাদান স্থগিত না করতে পরামর্শ দেই।

প্রি-অপারেটিভ মূল্যায়ন ক্লিনিক/টেলিফোন স্ক্রিনিং

সার্জারির আগে আপনার সন্তানের স্বাস্থ্য এবং ওষুধের বিষয়ে কিছু বিস্তারিত জানতে হাসপাতালের একজন নার্স আপনাকে ফোন করতে পারেন। যদি দরকার হয়, এটি তাঁদের অপারেশনের আগের দিন বাড়তি টেস্ট এবং সরঞ্জামের ব্যবস্থা করতে সাহায্য করে।

অনেক হাসপাতাল, দীর্ঘদিনের অসুস্থতা অথবা বড় ধরনের সার্জারি করা হয়েছে, এমন শিশুদের একটি প্রি-অপারেটিভ অ্যাসেসমেন্ট ক্লিনিকে যোগদানের জন্য আমন্ত্রণ জানাবে। এখানে তারা আপনার সন্তানের স্বাস্থ্য, ওষুধ এবং অ্যালার্জি সম্পর্কে জিজ্ঞাসা করবে। তাঁরা সার্জারির পূর্বে যেকোনো ধরনের ইনফেকশন যাচাই করার জন্য ত্বকের (ত্বকে নরম তুলার কাঠি দিয়ে আলতো করে ঘষা হবে) সোয়াব নিবেন এবং প্রয়োজনীয় রক্ত পরীক্ষা করবেন। তাঁরা আপনাকে এবং আপনার শিশুকে কোথায় যেতে হবে সেই ওয়ার্ডটি দেখিয়ে দিতে পারেন এবং আপনার সন্তানের অস্ত্রোপচারের বিষয়ে তথ্য দিবেন। আপনি একজন অ্যানাস্থেটিস্টের সাথেও দেখা করতে পারেন যিনি অ্যানাস্থেটিক এবং যেকোনো নির্দিষ্ট ঝুঁকির বিকল্প নিয়ে আলোচনা করতে পারেন।

আপনার শিশুর অপারেশনের দিন

আপনার সন্তানকে কখন খাওয়া ও পান করানো বন্ধ করতে হবে সে বিষয়ে হাসপাতাল আপনাকে পরিষ্কার নির্দেশনা প্রদান করবে। আপনার এবং আপনার সন্তানের জন্য এই নির্দেশাবলী অনুসরণ করা গুরুত্বপূর্ণ। অ্যানেস্থেটিক চলাকালীন আপনার বাচ্চার পেটে যদি কোনো খাবার বা তরল থাকে তবে তা গলার পিছনে, এমনকি ফুসফুসেও চলে যেতে পারে।

খাবার ও পানীয় ছাড়া প্রয়োজনের চেয়ে বেশি অপেক্ষা করতে না হলেই শিশুরা অনেক বেশি স্বাচ্ছন্দ্য বোধ করে।

গুরুতর নয় এমন সার্জারির আগে আপনি আপনার শিশুকে নিচের সময় অনুযায়ী কিছু খেতে বা পান করতে দিতে পারেন। তবে সময় ভিন্ন হলেও হাসপতালের নির্দেশনা মেনে চলুন।

- আপনার শিশু অস্ত্রোপচারের ছয় ঘন্টা আগে হালকা খাবার এবং/অথবা এক গ্লাস দুধ পান করতে পারে। এরপর তাদের অবশ্যই মিষ্টি জাতীয় খাবার এবং চুইংগাম এড়ানো উচিত।

- স্তন্যপান করে এমন শিশুরা অস্ত্রোপচারের চার ঘন্টা আগ পর্যন্ত বুকের দুধ পান করতে পারবে।
- বোতলে খায় এমন শিশুদের সার্জারির ছয় ঘন্টা আগ পর্যন্ত ফর্মুলা দুধ খাওয়ানো যেতে পারে (খুব ছোট বা অপরিপক্ক শিশুদের জন্য ভিন্ন ভিন্ন নির্দেশনা পেতে দয়া করে আপনার হাসপাতালের সাথে যোগাযোগ করুন)।
- শিশুদের অস্ত্রোপচারের এক ঘন্টা আগ পর্যন্ত পানি পান বা খুব পাতলা স্কোয়াশ চালিয়ে যাওয়া উচিত। এটি তাদের হাইড্রেটেড রাখতে এবং আরাম পেতে সহায়তা করে।

কিছু ইউনিট শিশুটি আসার সাথে সাথে কিছু পান করার অনুমতি দেয় বা উৎসাহ প্রদান করে।

আপনার শিশু খুব সাম্প্রতিক সময়ে খাবার খেয়ে থাকলে অপারেশনটি বিলম্বিত বা অন্য দিন পর্যন্ত স্থগিত করা হবে।

আপনার সন্তানের অস্ত্রোপচারের দিন নির্দেশনা অনুযায়ী ওষুধ সেবন করা উচিত।

আপনি হাসপাতালে পৌঁছালে আপনার সন্তানের ওজন পরিমাপ করা হবে (যদি পূর্বের অ্যাপয়েন্টমেন্টে করা না হয়ে থাকে)। একজন নার্স তাদের তাপমাত্রা, পালস এবং শ্বাস-প্রশ্বাস চেক করবেন এবং তাদের অক্সিজেনের স্তর এবং রক্তচাপ পরিমাপ করবেন।

১২ বছর বয়সের বেশি যেকোনো মেয়ের প্রস্রাবের নমুনা সংগ্রহ করে গর্ভাবস্থা পরীক্ষা করা একটি মানসম্মত পদ্ধতি। আরো তথ্যের জন্য দয়া করে রয়েল কলেজ অব পেডিয়াট্রিক্স অ্যান্ড চাইল্ড হেলথ ওয়েবসাইটটি দেখুন:

www.rcpch.ac.uk/resources/pre-procedure-pregnancy-checking-under-16s-guidance-clinicians

নার্স ওষুধ এবং অ্যালার্জির বিষয়ে জিজ্ঞাসা করবেন এবং আপনার সন্তানের কব্জি বা গোড়ালিতে দুটি পরিচয় ব্যান্ড (আইডেন্টিটি ব্যান্ড) লাগিয়ে দেবেন। তাদের কোনো অ্যালার্জি থাকলে কিছু হাসপাতাল তাদের একটি অতিরিক্ত ব্যান্ড বা আলাদা রঙের আরেকটি ব্যান্ড লাগিয়ে দেবে।

আপনার সন্তানের অ্যানেস্থেটিক বিষয়ে আলোচনার জন্য এই প্রক্রিয়ার পূর্বে একজন অ্যানেস্থেটিস্ট আপনার সাথে সাক্ষাত করবেন।

অ্যানেস্থেটিস্টের আপনার সন্তানের সাধারণ স্বাস্থ্যসহ যা জানা প্রয়োজন:

- পূর্বের অ্যানেস্থেসিয়ার অভিজ্ঞতা
- আপনার সন্তান যেসব ওষুধ গ্রহণ করছে
- কোনো ধরনের অ্যালার্জি থাকলে
- সাম্প্রতিক যেকোনো কফ, ঠাণ্ডা বা ডায়রিয়া ও বমি।

আপনার সন্তান বা পরিবারের অন্যান্য সদস্যদের অতীতে অ্যানেস্থেটিক গ্রহণে কোনো অসুবিধা থাকলে এবং আপনার বা কোনো আত্মীয়ের এ বিষয়ক যেকোনো তথ্য অ্যানাস্থেসিস্টকে জানানো খুবই গুরুত্বপূর্ণ।

অ্যানেস্থেটিকের ব্যাপারে আপনার বা আপনার সন্তানের যে কোনো উদ্বেগের বিষয়ে কথা বলার এটাই উপযুক্ত সময়। আপনি যা যা জানতে চান তার একটি তালিকা তৈরি করলে আপনার জন্য সহায়ক হতে পারে।

আপনার সন্তান ঘুমন্ত থাকা অবস্থায়, সার্জারির ধরণের উপর নির্ভর করে অপারেশন পরবর্তী ব্যাথা উপশমের জন্য অ্যানেস্থেটিস্ট একটি লোকাল অ্যানেস্থেটিক ইঞ্জেকশন প্রয়োগ করতে পারেন।

তাঁদের অতিরিক্ত ড্রিপস বা ক্যানুলা ব্যবহার করা প্রয়োজন হতে পারে। ঘুমন্ত অবস্থায় আপনার সন্তানকে নিরাপদে রাখতে এবং জেগে উঠলে আরামবোধ করাতে এ কাজগুলো করার কারণ এবং সরঞ্জামগুলোর গুরুত্ব সম্পর্কে তাঁরা আপনার সাথে আলোচনা করবেন।

অপারেশন বা ইনভেস্টিগেশন বিলম্ব করা

অনেক সময় আপনার সন্তানের অ্যাসেসমেন্টের সময় অ্যানাস্থেটিস্ট তার সম্পর্কে এমন কিছু জানতে পারেন যার কারণে ঐ দিনে কাজটি না করাই ভাল হবে। যদি এটি ঘটে থাকে তবে তাঁরাই পরামর্শ দেবেন যে কখন আগানো নিরাপদ হবে।

প্রিমেডিকেশন ('প্রি-মেড')

এটি একটি ওষুধের নাম যেটি অ্যানেস্থেটিকের পূর্বে দেওয়া হয়।

অ্যানেস্থেটিক আপনার সন্তানের আরামের জন্য সিডেটিভ (তন্দ্রাচ্ছন্নকারী) জাতীয় ওষুধ দেওয়ার বিষয়ে আলোচনা করতে পারে। তবে এগুলি নিয়মিত দেওয়া হয় না, কারণ এ জাতীয় ওষুধ অপারেশনের পরে শিশুদের নিস্তেজ করে তুলতে পারে। প্রাক-চিকিৎসা হিসেবেও ব্যথানাশক ওষুধ দেওয়া যেতে পারে, বা হাঁপানির মতো রোগের জন্য অ্যানেস্থেটিস্ট অতিরিক্ত চিকিৎসার পরামর্শ দিতে পারেন।

প্রাক-চিকিৎসার ওষুধ বেশিরভাগ সময় তরল হিসেবে দেয়া হয়।

লোকাল অ্যানেস্থেটিক ক্রিম

প্রায় সকল শিশুদের হাতের পেছনে 'ম্যাজিক ক্রিম' লাগানো হবে এবং পরিষ্কার ড্রেসিংয়ের আচ্ছাদন থাকবে। এটিকে কখনও 'Ametop', 'EMLA' অথবা অন্য কোনও বাণিজ্যিক নামে ডাকা হয়। এটি একটি লোকাল অ্যানেস্থেটিক ক্রিম যা কাজ করতে ৩০–৬০ মিনিট সময় নেয়।

এই ক্রিমটি আপনার সন্তানের হাত বা বাহুতে ক্যানুলার তীব্র ব্যথা হ্রাস করে। দশজনের মধ্যে নয়জন শিশুর ব্যথা কমাতে এটি ভাল কাজ করে।

ক্রিমটি ব্যবহার করা না গেলে ঐ স্থানটি অসাড় করতে ক্রিমের পরিবর্তে একটি লোকাল অ্যানেস্থেটিক কোল্ড-স্প্রে ব্যবহার করা যেতে পারে।

অপারেশন থিয়েটারে যাওয়া

বেশিরভাগ হাসপাতাল আপনার সন্তানকে অপারেশন থিয়েটারে পরার জন্য রঙিন গাউন সরবরাহ করে। তবে আপনার সন্তান হয়তো তার নিজের পোশাক বা পায়জামা পরতে পারবে। প্রয়োজন অনুযায়ী একটি ন্যাপি বা পুল-আপও পরতে পারে। কি ধরণের অন্তর্বাস (আন্ডারওয়্যার) পরা যেতে পারে সে বিষয়ে আপনার নার্স আপনাকে পরামর্শ দেবেন।

আপনার সন্তান হেঁটে, বিছানায় শুয়ে, হুইলচেয়ারে বা হাসপাতালের ট্রলিতে করে অ্যানেস্থেটিক রুমে যেতে পারে অথবা তাকে বহন করে নেয়া হতে পারে। কিছু ইউনিট আরও মজার পরিবহণ সুবিধা দেয়। কিছু হাসপাতাল বৈদ্যুতিক গাড়ীতে চড়ার প্রস্তাব দিতে পারে।

অ্যানস্থেটিক রুমে

একজন নার্স বা স্বাস্থ্যসেবাকর্মী, যেমন একজন প্লে-স্পেশালিস্ট (play specialist) আপনার এবং আপনার সন্তানের সাথে অ্যানস্থেটিক রুমে যাবেন। আপনার শিশু একটি খেলনা বা তার ভাল লাগার মতো কিছু নিতে পারবে। মোবাইল ফোন বা ট্যাবলেটে গেম খেলতে দেয়া অথবা প্রিয় সিনেমা দেখানো শিশুদের মন অন্যদিকে সরাতে বিশেষভাবে কার্যকর।

আপনি চাইলে আপনার সন্তানকে অ্যানেস্থেটিক দেয়ার সময় তাকে সান্তনা দিতে তার সাথে থাকতে পারবেন। খুব কম পরিস্থিতিতেই এটা সম্ভব হবে না। আপনার সন্তান ঘুমিয়ে যাওয়ার সাথে সাথে একজন স্টাফ আপনাকে অপারেশন থিয়েটারের বাইরে নিয়ে যাবেন যাতে অ্যানেস্থেটিক দল তাঁদের কাজ সম্পন্ন করতে পারেন।

আপনি খুব বেশি উদ্বিগ্ন হয়ে থাকলে আপনার সন্তানকে অ্যানেস্থেটিক রুমে সঙ্গ না দিলেও চলবে। আপনার পরিবর্তে পরিবারের কোন প্রাপ্তবয়স্ক সদস্য অথবা একজন ওয়ার্ড নার্স বা একজন প্লে-থেরাপিস্ট যেতে পারেন।

আপনার সন্তান ট্রলিতে শুয়ে থাকা অবস্থায় অ্যানেস্থেটিক কাজ শুরু করতে পারে। ছোট শিশুদের আপনার কোলে থাকা অবস্থায় অ্যানেস্থেটিক দেয়া হতে পারে। এরপর হাসপাতালের স্টাফরা তাদেরকে ট্রলিতে তুলবেন, প্রয়োজন বোধে আপনার সাহায্য নিবেন।

অ্যানেস্থেটিস্ট ফেসমাস্ক অথবা টিউব দিয়ে গ্যাস দিয়ে, অথবা ক্যানুলার মাধ্যমে ইঞ্জেকশন দিয়ে অ্যানেস্থেটিক শুরু করবেন। এ ব্যাপারে আগে থেকেই আপনার সাথে আলোচনা করা হবে, তবে আপনার সন্তান সহযোগীতা করতে না পারলে অনেক সময় পরিকল্পনার পরিবর্তন হতে পারে।

বেশীরভাগ বয়স্ক শিশুদের ক্যানুলার মাধ্যমে ইঞ্জেকশন দেয়া হবে। ক্যানুলা ব্যবহার করা হলে আপনার সন্তান খুব দ্রুত অচেতন ও অসাড় হয়ে যাবে। অনেকসময় ইঞ্জেকশনটি বাহুতে ঠান্ডা বা খোঁচা লাগার মতো অনুভূতি দিতে পারে। অ্যানেস্থেটিস্ট এরপর অ্যানেস্থেশিয়া চালিয়ে যাওয়ার জন্য একটি মাস্ক দিবেন এবং নিরাপত্তার জন্য অতিরিক্ত অক্সিজেন সরবরাহ করবেন।

গ্যাস দিয়ে অ্যানেস্থেটিক শুরু হলে অ্যানেস্থেটিস্ট সাধারণত একটি মাস্ক ব্যবহার করবেন, অথবা হাত কাপের মতো গোল করে আলতো ভাবে আপনার সন্তানের নাক এবং মুখের ওপর রেখে তার মধ্য দিয়ে গ্যাস দিবেন। অ্যানেস্থেটিক গ্যাসের গন্ধ ফেল্ট-টিপ কলমের (felt-tip pens) মতোই।

এ পদ্ধতিতে অ্যানেস্থেটিক কার্যকর হতে অল্প কিছুক্ষণ সময় নেয় (কয়েক সেকেন্ড থেকে কয়েক মিনিট পর্যন্ত)। এ সময়ের মধ্যে আপনার সন্তানের একটু অস্থির হয়ে যাওয়া বা নিঃশ্বাসের শব্দ ভিন্ন হয়ে যাওয়া খুব স্বাভাবিক। তারা হয়তো বেশ আওয়াজ করে নাকও ডাকতে পারে। স্টাফরা আপনার সন্তানকে আলতো তবে শক্ত করে ধরে রাখতে সাহায্য করবেন।

এরপর আপনাকে অ্যানেস্থেটিক রুম ত্যাগ করতে বলা হবে। একজন স্টাফ মেম্বার আপনার সাথে অপারেশন থিয়েটার থেকে বের হবেন।

আপনার সন্তানের ওপর অ্যানেস্থেটিক কার্যকর হয়ে গেলে অ্যানস্থেটিস্ট একটি ক্যানুলা লাগিয়ে দিবেন যাতে এর মাধ্যমে প্রয়োজনীয় ব্যাথানাশক এবং অ্যানেস্থেটিক ওষুধ দেয়া যায়।

এরপর কী হবে?

আপনার সন্তানকে অপারেশন বা চিকিৎসা করানোর জন্য অপারেটিং থিয়েটারে নিয়ে যাওয়া হবে।

পুরোটা সময় অ্যানেস্থেটিস্ট আপনার সন্তানের সাথে থাকবেন এবং আপনার সন্তানের রক্তচাপ, স্পন্দন (পালস), নিঃশ্বাস এবং অক্সিজেনের মাত্রা গভীরভাবে পর্যবেক্ষণ করবেন যাতে এ সময়টাতে সে নিরাপদ এবং অচেতন থাকে।

এখন আপনি কিছু পান করতে বা খেতে যেতে পারেন, তবে যাওয়ার আগে অবশ্যই স্টাফকে জানিয়ে যাবেন এবং আপনার সাথে যোগাযোগের জন্য একটি ফোন নাম্বার দিয়ে যাবেন।

অপারেশনের পর

রিকভারি রুমে

বেশীরভাগ শিশুই রিকভারি রুমে জেগে ওঠে। অ্যানেস্থেটিস্ট কাছাকাছি থাকবেন এবং দরকার হলে সাহায্য করবেন। তাঁরা ক্যানুলা সুরক্ষিত রাখতে এবং এটা না দেখা যাওয়ার জন্য এর ওপর একটি ব্যান্ডেজ লাগিয়ে দিবেন।

প্রত্যেকটি শিশুর যত্ন নিশ্চিত করার জন্য একজন বিশেষজ্ঞ নার্স অথবা উপযুক্ত যোগ্যতাসম্পন্ন কেউ থাকবেন। প্রয়োজন হলে তাঁরা অতিরিক্ত ব্যাথানাশক অথবা অন্যান্য ওষুধ দিবেন। আপনার সন্তানের জেগে ওঠার প্রক্রিয়ায় যথা সময়ে আপনাকে তার সাথে থাকার জন্য ডাকা হবে।

জেগে ওঠার সময় সমস্যা

কিছু শিশু জেগে ওঠার সময় বিভ্রান্ত থাকে এবং/অথবা যন্ত্রনার উপসর্গ দেখায়। এটা ছোট শিশুদের মধ্যে বেশি হয়ে থাকে।

খুব কম সংখ্যক শিশুই বেশি বিচলিত হয়। তারা গড়াগড়ি দিয়ে কান্নাকাটি করতে পারে অথবা তাদের হাত-পা নাড়াতে পারে। এ ধরণের আচরণ ৩০ মিনিটের মতো চলতে পারে, এবং ক্ষেত্রবিশেষে আরো বেশ কিছুক্ষণ। রিকভারি রুমের স্টাফরা এ সময়টাতে আপনার সন্তানের যত্ন নেয়ার ব্যাপারে প্রশিক্ষিত। আরও ব্যথা প্রশমণকারী ওষুধ সাহায্য করবে কিনা তা তাঁরা বিবেচনা করবেন। কীভাবে আপনার বাচ্চাকে স্বস্তি দেওয়া এবং আশ্বস্ত করা যায় সে বিষয়ে তাঁরা আপনাকে পরামর্শ দেবেন।

কোনও শিশু যন্ত্রণায় জেগে উঠলে তা স্বাভাবিকভাবেই বাবা-মায়ের জন্য উদ্বেগজনক। আপনার শিশু যদি অতীতে এই ধরণের সমস্যায় পড়ে থাকে তবে আপনার অ্যানেস্থেসিস্টকে জানান যাতে তাঁরা ভবিষ্যতে এ ধরণের সমস্যা এড়াতে আলোচনা করতে পারেন।

ব্যথা প্রশমন

আপনার শিশু যতটা সম্ভব স্বস্তি নিয়ে জাগ্রত হয় তা নিশ্চিত করার জন্য অ্যানাস্থেটিকের সময় ব্যথা উপশমকারী ওষুধ এবং কখনও কখনও লোকাল অ্যানাস্থেটিক ইনজেকশন দেওয়া হয়। ব্যথা প্রশমনের ধরণটি পদ্ধতির উপর নির্ভর করবে।

অ্যানাস্থেটিস্ট, সার্জন এবং/ অথবা ওয়ার্ডের কর্মীরা আপনার সন্তানের জন্য সবচেয়ে ভাল ব্যথা থেকে প্রশমনকারী পদ্ধতি নিয়ে আপনার সাথে কথা বলবেন।

বাড়ি যাওয়া

অপারেশন নিয়ে সার্জন এবং অ্যানাস্থেটিস্ট যদি নিরাপদ বোধ করেন করেন এবং মনে করেন যে আপনার সন্তান সুস্থ হয়ে উঠছে, তাহলে অনেক ক্ষেত্রে অপারেশনের দিনই আপনার সন্তান বাড়ি ফিরে যেতে পারে।

কীভাবে ঘরে থেকে ব্যথা প্রশমনের ওষুধ দেওয়া যায় সে সম্পর্কে আপনাকে পরামর্শ দেওয়া হবে। আপনার পরামর্শটি সাবধানতার সাথে অনুসরণ করা উচিত।

কিছু শিশু বাড়ির ফেরার পথে অসুস্থ বোধ করতে বা অসুস্থ হয়ে যেতে পারে। এর জন্য প্রস্তুত থাকা জরুরী!

অপারেশনের দিনই আপনার সন্তানকে বাড়ি নিয়ে গেলে বাড়িতে থাকা অবস্থায় কোন উদ্বেগ দেখা দিলে যোগাযোগের জন্য আপনাকে একটি ফোন নাম্বার দেয়া হবে।

এরপর

কিছু শিশুর জন্য হাসপাতালে যাওয়া উদ্বেগজনক হয়। অল্প কিছু শিশু হাসপাতালে একবার থাকলেও পরবর্তীতে ঠিকমতো ঘুমাতে পারেনা। তারা আপনাকে ছেড়ে যাওয়ার বিষয়ে উদ্বিগ্ন হতে পারে। তাদের আচরণ আগের চেয়ে বেশি কঠিন হতে যেতে পারে। এটা সাধারণত তিন থেকে চার সপ্তাহের মধ্যে স্বাভাবিক অবস্থায় ফিরে আসবে।

আপনার সন্তানের অ্যানাস্থেটিকের সাথে সম্পর্কিত ঝুঁকি এবং পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ

আধুনিক অ্যানাস্থেটিকগুলির ক্ষেত্রে গুরুতর সমস্যাগুলি বিরল। বেশিরভাগ শিশু দ্রুত সুস্থ হয় এবং অপারেশন ও অ্যানেস্থেটিকের পর শীঘ্রই তাদের স্বাভাবিক অবস্থায় ফিরে আসে। অনেক শিশুর অসুস্থতা বোধ বা গলা ব্যথা হতে পারে। এগুলি সাধারণত স্বল্প সময়ের জন্য স্থায়ী হয়। বমি এবং অসুস্থতার ওষুধ সহজেই পাওয়া যায় এবং প্রায়ই এগুলো দেওয়া হয়।

একজন সুস্থ শিশুর ক্ষেত্রে ছোটখাটো অপারেশন হলে (১০ জনের মধ্যে ১ জনের বেশি) এসব হওয়া খুবই স্বাভাবিক:

- মাথাব্যথা বা গলা ব্যথা
- অসুস্থতা বা মাথা ঘোরা
- উৎকন্ঠা নিয়ে জেগে ওঠা।

বিরল জটিলতাগুলো থেকে দেখা যায় যে প্রায় ১০,০০০ জনের মধ্যে ১ জন শিশুর মধ্যে অ্যানাস্থেটিকের প্রতি মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়া গড়ে ওঠে।

ছোট্টখাট বা মাঝারি ধরণের অ-জরুরি অপারেশন হওয়া সুস্থ বাচ্চাদের ক্ষেত্রে অ্যানেস্থেসিয়াজনিত মৃত্যুর ঝুঁকি সম্ভবত ১,০০,০০০ জনের মধ্যে ১ জনেরও কম। অস্ত্রোপচারের সময় ঘটে যাওয়া বেশিরভাগ মৃত্যুর ঘটনা সরাসরি অ্যানেস্থেটিকের দ্বারা ঘটে না, তবে কোন ব্যক্তির স্বাস্থ্যের সাথে সংযুক্ত বা তাদের অপারেশন জনিত অন্যান্য কারণে হয়।

অ্যানেস্থেটিক বা অ্যানাস্থেটিক প্রক্রিয়া করার সাথে সম্পর্কিত সাধারণ ঝুঁকির বিষয়ে পড়তে দয়া করে আমাদের ওয়েবসাইটে ঝুঁকি বিভাগটি দেখুন:
www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

ঝুঁকি ব্যাখ্যা

বিভিন্ন মানুষ শব্দ ও সংখ্যার ভিন্ন ভিন্ন অর্থ ধরতে পারেন। এই স্কেলটা বুঝতে সাহায্যের জন্য দেয়া হয়েছে।

১০ জনের মধ্যে ১ জন	**১০০ জনের মধ্যে এ ১ জন**	**১,০০০ জনের মধ্যে ১ জন**	**১০,০০০ জনের মধ্যে ১ জন**	**১,০০,০০০ জনের মধ্যে ১ জন**
আপনার পরিবারের মধ্যে একজন	আপনার পাড়ায় বসবাসকারীদের মধ্যে একজন	একটি গ্রামের মধ্যে একজন	একটি ছোট শহরে একজন	একটি বড় শহরে একজন

আধুনিক অ্যানেস্থেসিয়াতে গুরুতর সমস্যা সাধারণত ঘটে না।

আপনার সন্তানের গুরুতর অসুস্থতা, জটিল চিকিৎসার ইতিহাস, বা চার বছরের কম বয়সী এবং/ অথবা বড় অপারেশন করা হলে গুরুতর ঝুঁকি বা জটিলতার সম্ভাবনা বেশি থাকে।

গুরুতর অসুস্থ বা অস্ত্রোপচার করা শিশুদের ক্ষেত্রে মাঝে মাঝে অ্যানেস্থেটিকের সাথে সম্পর্কিত বিশেষ ঝুঁকি থাকে। অপারেশনের আগে অ্যানেস্থেটিস্ট আপনার সাথে এটি আলোচনা করতে পারেন। আধুনিক সরঞ্জাম, প্রশিক্ষণ এবং ঔষধ অ্যানেস্থেটিককে বেশ নিরাপদ করে তুলেছে, যদিও সকল ঝুঁকি পুরোপুরি বাদ দেয়া যায় না।

শিশু এবং খুব অল্প বয়সী বাচ্চাদের উপর অ্যানেস্থেশিয়ার সম্ভাব্য দীর্ঘমেয়াদী প্রভাবগুলি নিয়ে গবেষণা চলছে। বর্তমানে অ্যানাস্থেটিকগুলি আপনার উন্নতির ক্ষেত্রে ক্ষতিকর বলে শক্ত কোন প্রমাণ নেই। এবং একটি চিকিৎসাপদ্ধতি বা শল্যচিকিৎসায় অ্যানেস্থেশিয়া প্রয়োগের সামগ্রিক গুরুত্বের সাথে যে কোন ঝুঁকির কথা ভারসাম্যের সাথে বিবেচনা করা গুরুত্বপূর্ণ।

শিশুদের অ্যানেস্থেশিয়ায় জটিল ঘটনাগুলোর তথ্য অনলাইনে পাওয়া যাবে:
যুক্তরাজ্যে শিশুদের অ্যানেস্থেশিয়ার মারাত্মক ঘটনাসমূহ: শিশুদের ওপর অ্যানেস্থেশিয়ার পর্যবেক্ষণমূলক পরীক্ষার গৌণ বিশ্লেষণ (APRICOT study):
www.onlinelibrary.wiley.com/doi/abs/10.1111/anae.14520

গ্রেট ব্রিটেন এবং আয়ারল্যান্ডের পেডিয়াট্রিক অ্যানেস্থেটিস্ট অ্যাসোসিয়েশন এর আরও তথ্যের জন্য দেখতে পারেন:

www.apagbi.org.uk/guidelines অথবা
www.apagbi.org.uk/children-and-young-people

কলেজ ওয়েবসাইটে বয়স্ক শিশু এবং অল্প বয়স্ক লোকদের অ্যানেস্থেটিকের সাধারণ ঝুঁকি সম্পর্কে তথ্য পেতে: www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

ব্যথা প্রশমন সম্পর্কিত তথ্য আমাদের লিফলেটে *অ্যানেস্থেশিয়ার ব্যাখ্যা,* যা আমাদের ওয়েবসাইটে আছে: www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার সর্বোতভাবে প্রচেষ্টা করি, কিন্তু তার নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এই সাধারণ তথ্যে আপনার সম্ভাব্য সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিৎ। এই লিফলেটকে পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিৎ নয়। এটি কোনও বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখতে এখানে (www.rcoa.ac.uk/patient-information/translations/bengali) ক্লিক করুন।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্সের (Translators without Borders) অনুবাদকগণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

আমরা আপনার মতামত জানতে আগ্রহী

এই লিফলেটটি আরও উন্নত করার জন্য আমরা আপনাদের পরামর্শ জানতে চাই।

আপনার যদি কোনো মতামত থাকে তাহলে অনুগ্রহ করে আমাদেরকে ইমেইল করুন: patientinformation@rcoa.ac.uk

Royal College of Anaesthetists
Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG
020 7092 1500

www.rcoa.ac.uk

ষষ্ঠ সংস্করণ, ফেব্রুয়ারি ২০২০

এই লিফলেটটি প্রকাশনার তারিখ হতে তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।

© 2020 Royal College of Anaesthetists
রোগীদের তথ্য সরবরাহের উপকরণের জন্য এই লিফলেটটি কপি করা যাবে। অনুগ্রহ করে প্রকৃত সূত্র উল্লেখ করবেন। আপনি যদি এই লিফলেটটি অন্য কোন প্রকাশনার কাজে ব্যবহার করতে চান তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে এবং লোগো, ব্র্যান্ডিং এবং চিত্র অপসারণ করতে হবে। আরও তথ্য জানতে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।